



লিবারেল পার্টি বাংলাদেশ
Liberal Party Bangladesh
www.liberalbd.org

সংবাদ বিজ্ঞপ্তি

তারিখ: ১৪ সেপ্টেম্বর ২০০৭

নির্বাচন কমিশনের ডাবল স্ট্যান্ডার্ড ভূমিকা।
দল নিবন্ধন প্রক্রিয়া, সংলাপ নাটকের দল বাছাই সং নয়।

-----লিবারেল পার্টি বাংলাদেশ

লিবারেল পার্টি বাংলাদেশের কেন্দ্রীয় নির্বাহী কমিটি'র নির্বাহী প্রেসিডেন্ট এডভোকেট নূরুল ইসলাম এবং মহাসচিব আফজালুল হক সিকদার এক যুক্ত বিবৃতিতে নির্বাচন কমিশনের সংলাপের জন্য দলগুলো'র বাছাই প্রক্রিয়াকে ত্রুটিযুক্ত ও একপেশে অসৎ উল্লেখ করে বলেন, নির্বাচন কমিশনের দেখা উচিত যাদের তারা সংলাপে ডেকেছে, তাদের অনেকেরই কোন কর্মী নাই। যেমন, গনতন্ত্রী পার্টি, ন্যাপ-মোজাফফর, সাম্যবাদী দল। এমনকি ইসলামী এক্যাজেট নামে যাদের সাথে সংলাপ করেছে, তারা কোন দল নয়। এরা একটি জোট। এদের মধ্যে অনেক দল। অথচ নির্বাচন কমিশন এদের নিয়ে সংলাপ নাটক করেছে। আর অনেক গুরুত্বপূর্ণ দলকে অবহেলা করেছে।

নির্বাচন কমিশনের এ আচরন ডাবল স্ট্যান্ডার্ড এর সামিল। এ আচরনে নির্বাচন কমিশনের এতদিনকার উর্বর মস্তিস্কের প্রমান মিলেছে উল্লেখ করে নেতৃবৃন্দ কমিশনের উদ্দেশে বলেন, যদি নিবন্ধন বাধ্যতামূলক হয়, তবে একটি আইনের ও একই আবশ্যিকতার ভিত্তিতে পার্টিগুলোর নিবন্ধন হতে হবে। কোন দলের জন্য এক নিয়ম আর কোন দলের জন্য অন্য নিয়ম এটা বৈষম্যমূলক আচরন এবং মৌলিক অধিকারের পরিপন্থি।

সরকার ও বিচার ব্যবস্থা যেমন প্রমান করেছে আইন সবার জন্য সমান নয়, আইনের চোখে ভিআইপি চোরের মূল্য এবং ইজ্জত যেমন বেশী, তেমনি একদা ইতিহাস হওয়া ডাইনোসর দলগুলো'র নিবন্ধন ও তেমনি ইজ্জতের সাথে হচ্ছে, যা গ্রহনযোগ্য নয় বরং হাস্যকর।

বার্তা প্রেরক-

আবুল বাশার পাটোয়ারী
দপ্তর সম্পাদক